

মাতাকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমিস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : পি জি - ৩.১ (DAY)

বিষয় : ভারতীয় সাহিত্যতত্ত্ব

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। ভট্টনায়ক রসানুভূতির বিশ্লেষণ প্রসঙ্গে তিনটি বিশিষ্ট ব্যাপার, যথা ‘অভিধা’, ‘ভাবনা’ আর ‘ভোগীকৃতি’-র কথা বলেছেন। ভারতের রসসূত্রের ব্যাখ্যায় এই তিনটি ধারণার তাৎপর্য কোথায় তা আলোচনা করো। ১০

(অথবা)

২। অভিনবগুপ্তকৃত ভারতের রসসূত্রের ব্যাখ্যায় স্থায়ী ও ব্যাভিচারী ভাবের সঙ্গে বিভাব ও অনুভাবকেও সহৃদয়ের আন্তর উপাদান হিসেবে কেন উল্লেখ করা হয়েছে যথাযথ যুক্তিসহ বিশ্লেষণ করো। ১০

(২)

৩। অভিনবগুপ্ত রসধ্বনিকে কাব্যাত্মা হিসেবে প্রতিষ্ঠা করেছেন, অন্যদিকে বস্তুধ্বনি আর অলংকারধ্বনিকেও ‘ধ্বনি’ হিসেবে স্বীকার করা হয়েছে। অথচ বলা হয়েছে বস্তুধ্বনি এবং অলংকারধ্বনি সার্থকতা লাভ করে ‘রসধ্বনি’ হিসেবে উত্তীর্ণ হলেই। এই অভিমতের যথার্থ্য বিচার করো। ১০

(অথবা)

৪। মহিমভট্ট ‘ব্যক্তিবিবেক’ গ্রন্থে ধ্বনিবাদের সমালোচনা করে তাঁর যে মতবাদটি প্রতিষ্ঠা করেছেন সেটি সংক্ষেপে আলোচনা করো। ১০

৫। ভারত শিল্পের ষড়ঙ্গ অনুসারে চিত্রের যে কোনো তিনটি অঙ্গ বিষয়ে আলোচনা করো। ১০

(অথবা)

৬। সংক্ষেপে আলোচনা করো (যে কোনো দু’টি) : ৫×২=১০
শিল্পভাষা, শিল্পের সুন্দর, শিল্পের অসুন্দর

৭। “সাহিত্য ব্যক্তি-বিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী।” — মন্তব্যটির যথার্থ্য বিচার করো। ১০

(অথবা)

৮। রবীন্দ্রনাথ তাঁর প্রতিপাদ্যটি ‘তথ্য ও সত্য’ প্রবন্ধে যে যুক্তি পরম্পরায় হাজির করেছেন তা নিজস্ব মতামতসহ আলোচনা করো। ১০

★★★